

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
১৪/২ তোপখানা রোড (৪র্থ তলা), ঢাকা-১০০০।


স্মারক নং- স্বাপকম/হেলথ-ইকন/QC-UHC/৬৩৭/২০১৪/ ৮৬

তারিখ : ০৮/০২/২০১৭ খ্রি:

বিষয় : মান সম্মত স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনার জন্য বিভাগীয় কো-অর্ডিনেটর বসার স্থান বিষয়ে সংক্রান্ত।

সার্বজনীন স্বাস্থ্য সেবা অর্জনের লক্ষ্যে মান সম্মত সেবা নিশ্চিতকরণের জন্য কোয়ালিটি ইম্প্রুভমেন্ট সেক্রেটারিয়েট (QIS) কার্যক্রম শুরু করেছে। কার্যক্রমের অন্যতম গুরুত্বপূর্ণ approach হল সরকারী এবং বেসরকারী যৌথ সহযোগিতা। উক্ত সহযোগিতার অংশ হিসাবে USAID এর সঙ্গে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। USAID এর পক্ষে চুক্তিটি বাস্তবায়ন করবে Save the Children USA। চুক্তির অংশ হিসাবে ইতপূর্বে ৫টি বিভাগের বিভাগীয় কো-অর্ডিনেটর এর সহযোগিতা পাওয়া গিয়েছিল বর্তমানে আরও ০৩টি বিভাগে (রংপুর/ঢাকা/ময়মনসিংহ) ০৩ (তিন) জন বিভাগীয় কো-অর্ডিনেটর এর সহায়তা পাওয়া যাবে যারা বিভাগীয় পরিচালকের নেতৃত্ব গঠিত Quality Improvement কমিটিকে মান সম্মত কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা প্রদান করবে।

ইতিমধ্যে ০৩ জন বিভাগীয় কো-অর্ডিনেটরের নির্বাচন সম্পন্ন হয়েছে। এসকল কর্মকর্তা বিভাগীয় পরিচালক ও কোয়ালিটি টীমকে সহযোগিতাদানের জন্য সার্বক্ষণিক অফিস করবেন। এমতাবস্থায় আপনার বিভাগে বিভাগীয় কো-অর্ডিনেটরকে আপনার কার্যালয়ে বসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান যাচ্ছে।


(মোঃ আসাদুল ইসলাম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন : ৯৫৮৬৮২২

বিতরণ :

- ১। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রংপুর/ঢাকা/ময়মনসিংহ।
- ২। সিভিল সার্জন, - - - - -।
- ৩। - - - - -।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক (প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। মিঃ জর্জ জোবি, চীফ অব পার্ট, সেভ দি চিলড্রেন, সেভ দি চিলড্রেন, ইউএসএ।
- ৬। ডাঃ তাজুল ইসলাম, ন্যাশন্যাল কো-অর্ডিনেটর, কিউআইএস।
- ৭। মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ১৪/২ তোপখানা রোড, ঢাকা।
- ৮। অফিস কপি।